৬৬

ভোরের কাগজ

তারিখ ... 27 NOV 1997
পৃষ্ঠা ১২ কলাম ৭

ক্যাম্পাসে ছাত্র রাজনীতি ও ছাত্র সংসদ নির্বাচন প্রসঙ্গ

# সিলেট মেডিকেলে আজ অনুষ্ঠেয় গণভোট নিয়ে তীব্র উত্তেজনা

সিলেট প্রতিনিধি : ক্যাম্পাসে ছাত্র রাজনীতি এবং ছাত্র সংসদ নির্বাচনের পক্ষ-বিপক্ষ প্রশ্নে আজ সিলেট ওসমানী মেডিকেল কলেজে এক 'গণভোট' অনুষ্ঠিত হবে। এই গণভোটকে কেন্দ্র করে কলেজ এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে। যেকোনো সময় সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে। উত্তেজনাকর পরিস্থিতিতে সোমবার রাতে কলেজ অধ্যক্ষ ও কয়েকজন শিক্ষকের বাসভবনে বোমা হামলার ঘটনা ঘটেছে।

১৯৯৪ সালের ৮ ফেব্রুয়ারি ওসমানি মেডিকেল কলেজে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে ছাত্র রাজনীতির পক্ষ-বিপক্ষ নিয়ে এক রেফারেন্ডাম অনুষ্ঠিত হয়। এতে কলেজের ৬১ ভাগ ছাত্রছাত্রী ছাত্র রাজনীতির বিপক্ষে রায় প্রদান করে। এর পর মেডিকেল কলেজ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়। দীর্ঘদিন প্রকাশ্যে ছাত্র রাজনীতি এবং ছাত্র সংসদ নির্বাচন বন্ধ থাকার পর গত ২৮ অক্টোবর কর্তৃপক্ষ ছাত্র সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করে। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়। ছাত্র সংসদ নির্বাচনের পক্ষে-বিপক্ষে প্রতিদিন সভা-সমাবেশ, মিছিল অনুষ্ঠিত হয়। পরিস্থিতি যখন মারাত্মক পরিণতির দিকে এগুচ্ছিল তখন কর্তৃপক্ষ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করে আরেক দফা গণভোট অনুষ্ঠানের ঘোষণা দেন। কর্তৃপক্ষ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি এবং ছাত্র সংসদ নির্বাচন এই উভয় বিষয়ে গণভোট অনুষ্ঠানের ঘোষণা দিলে আবারো উত্তেজনা দেখা দেয়। বিভিন্ন মহলের পক্ষ থেকে দাবি উত্থাপন করা হয় শুধুমাত্র ছাত্র রাজনীতির পক্ষে-বিপক্ষে গণভোট দেওয়া হোক।

এদিকে গত সোমবার রাত ১১টার দিকে কলেজের অধ্যক্ষ গোলাম কিবরিয়ার কুমারপাড়াস্থ বাসভবনে কে বা কারা বোমা হামলা চালায়। একই দিন পুরাতন মেডিকেল কলেজ কলোনিস্থ শিক্ষকদের বাসায়ও বোমা হামলার অভিযোগ পাওয়া যায়। ধারণা করা হচ্ছে গণভোট বানচালের লক্ষ্যেই এই বোমা হামলা চালানো হয়।

ওসমানী মেডিকেল কলেজ সাধারণ ছাত্রছাত্রী পরিষদ সন্ত্রাসী ঘটনার নিন্দা করে গতকাল এক প্রতিবাদ সমাবেশ করে। ছাত্রদল সিলেট জেলা শাখার সভাপতি মিজানুর রহমান চৌধুরী ও সাধারণ সম্পাদক আবদুল ওয়াহেদ চৌধুরী জুবের এক বিবৃতিতে শুধুমাত্র ছাত্র রাজনীতির পক্ষে-বিপক্ষে গণভোট অনুষ্ঠানের জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। তারা বলেন, কর্তৃপক্ষ যদি এতে সাড়া না দেয় তাহলে ছাত্রদল কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে 'প্রহসনের' এ গণভোট বয়কট করবে। ইসলামী ছাত্রশিবির আজকের গণভোটকে 'দ্বিমুখী' উল্লেখ করে তা বাতিলের দাবি জানিয়ে বলেছে, অন্যথায় উদ্ভূত যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির জন্য কর্তৃপক্ষকে দায়ী থাকতে হবে।

এ অবস্থায় আজকের গণভোটকে কেন্দ্র করে মেডিকেল কলেজ ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। পক্ষ-বিপক্ষ নিয়ে প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনগুলোর মধ্যে যেকোনো সময় মারাত্মক সংঘর্ষের আশঙ্কা করছেন অনেকেই।